


যুগান্তর

শিক্ষা ব্যবস্থা জাতীয়করণের দাবিতে বিক্ষোভ সমাবেশ

প্রকাশ : ১৩ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



শিক্ষা ব্যবস্থা জাতীয়করণসহ ১১ দফা দাবিতে সোমবার বিভিন্ন স্থানে বিক্ষোভ সমাবেশ ও কর্মবিরতিসহ নানা কর্মসূচি পালিত হয়েছে। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর-

সিলেট ব্যুরো : সিলেট কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে সমাবেশে সভাপতিত্ব করেন শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটি সিলেটের আহ্বায়ক অধ্যাপক মো. আবদুল জলিল। অনুষ্ঠান পরিচালনা করেন বাংলাদেশ শিক্ষক সমিতি সিলেট জেলা শাখার সচিব মো. আবদুল মালিক রাজু। বক্তব্য রাখেন শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটি সিলেটের যুগ্ম-আহ্বায়ক উপাধ্যক্ষ সুবল চন্দ্র দাস, কলেজ শিক্ষক সমিতি সিলেট জেলার সম্পাদক অধ্যাপক সালা উদ্দিন বেলাল, শিক্ষক সমিতি সিলেট সভাপতি এলাইছ মিয়া, প্রমুখ।

জামালপুর : সমাবেশে বক্তব্য রাখেন শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটি জামালপুর জেলা শাখার সভাপতি অধ্যক্ষ একেএম মোস্তাফিজুর রহমান, সাংগঠনিক সম্পাদক ইতিমোদদৌলা হিন্দোল, জেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মো. ফজলুর রহমান, শিক্ষক শেরফুল আনসারী প্রমুখ।

চাঁদপুর ও ফরিদগঞ্জ : চাঁদপুর জেলা শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির আহ্বায়ক তাহের হোসেন তপদারের সভাপতিত্বে ও যুগ্ম-আহ্বায়ক ইলিয়াছ মিয়ার পরিচালনায় সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন বাকশিস চাঁদপুর জেলা শাখার সভাপতি অধ্যক্ষ ড. মো. আলমগীর কবির পাটওয়ারী। আরও বক্তব্য রাখেন হাজীগঞ্জ উপজেলা শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির আহ্বায়ক অধ্যক্ষ মো. জামাল হোসেন, ফরিদগঞ্জ উপজেলা শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির আহ্বায়ক মিজানুর রহমান, দেশগাঁও ডিগ্রি কলেজের অধ্যক্ষ মো. আজহারুল কবীর, কাকৈরতলা জনতা কলেজের অধ্যক্ষ মনিরুল হক পাটওয়ারী, মাধ্যমিক শিক্ষক সংগ্রাম পরিষদের আহ্বায়ক ইব্রাহীম খলিল, শিক্ষক নেতা আবদুল গনি প্রমুখ।

টাঙ্গাইল : টাঙ্গাইল জেলা সংগ্রাম কমিটির আহ্বায়ক গোলাম রাব্বানীর নেতৃত্বে বিক্ষোভ শেষে সমাবেশে বক্তব্য রাখেন শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির জেলা শাখার সমন্বয়কারী আজাহার আলী মিয়া, শিক্ষক নেতা আজহারুল ইসলাম, এসএম আবদুল আওয়াল, শহিদুল ইসলাম, শামীম আল মামুন, আবদুল হাকীম, সমরেশ চন্দ্র পাল, জামাল হোসেন, সোলায়মান দেওয়ান প্রমুখ।

মনপুরা (ভোলা) : মনপুরায় কর্মবিরতি পালনকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলো হল- বাংলাবাজার ছমেদপুর মাধ্যমিক বিদ্যালয়, সাকুচিয়া মাধ্যমিক বিদ্যালয়, আন্দিপাড় মাধ্যমিক বিদ্যালয়, মনপুরা মাধ্যমিক বিদ্যালয়, উত্তর সাকুচিয়া মাধ্যমিক বিদ্যালয়, মনোয়ারা বেগম মহিলা কলেজ।

মনপুরা শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির আহ্বায়ক ছমেদপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আবদুল বাছেত এ তথ্য জানান।

হাজীগঞ্জ (চাঁদপুর) : হাজীগঞ্জ উপজেলা শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির আহ্বায়ক মুহাম্মদ তাফাজ্জল হোসেন বলেন, দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত থাকবে।

উপজেলা শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটির সমন্বয়কারী মো. মনিরুজ্জামান পাটওয়ারী বলেন, দেশের সব শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ করা হোক- এটাই আমাদের দাবি।

চাটখিল : দেশব্যাপী শিক্ষা ব্যবস্থা জাতীয়করণসহ ১১ দফা দাবি আদায়ের লক্ষ্যে শিক্ষক ধর্মঘটের ২য় দিনে চাটখিলে সব বেসরকারি স্কুল কলেজে ক্লাস বন্ধ রয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালাম ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।